



তারিখ: ২১/০৮/২০০৭ইং

লন্ডনে শেখ মহিউদ্দিন আহমেদ  
একটি অন্তর্বর্তী জাতীয় সরকার ও জাতীয় নিরাপত্তা  
কাউন্সিল গঠনের কোন বিকল্প নাই।

বর্তমান তত্ত্বাবধায়ক সরকারের এক্সিট প্ল্যান বাস্তবায়ন করতে এবং জনকল্যাণে সকল দলের সং নেতৃত্বের দ্বারা একটি অন্তর্বর্তী জাতীয় সরকার গঠনের কোন বিকল্প নাই। সেই সরকারকে সমর্থনের জন্য একটি জাতীয় নিরাপত্তা কাউন্সিল গঠন করতেই হবে।

গত ২০ আগস্ট ২০০৭ সোমবার রাতে লন্ডনে বাংলা টিভি আয়োজিত টক শো "বাংলাদেশ প্রতিদিন"এ লিবারেল পার্টি বাংলাদেশের লিডার ও প্রেসিডেন্ট একথা বলেন। টকশো উপস্থাপনা করেন লন্ডনের বিশিষ্ট আইনজীবী নাশিদ রহমান। অন্যান্যের মধ্যে অংশগ্রহণ করেন বিএনপি'র আন্তর্জাতিক সম্পাদক জনাব মুহিদুর রহমান এবং আওয়ামীলীগের সর্ব ইউরোপ কমিটির সম্পাদক জনাব এম,এ গনি।

জনাব মহিউদ্দিন বলেন, রাজনীতিতে চলমান এক পরিবর্তনের ধারা থাকতে হবে, নইলে নেতৃত্বের বিকাশ হবেনা বা এটি পরিবার ও গোষ্ঠীতন্ত্রে পরিনত হবোযারা দীর্ঘদিন নেতৃত্ব আছেন তাদের উচিত স্ব-ইচ্ছায় নেতৃত্ব ছেড়ে দেয়া। নিজের ২বার দলীয় প্রেসিডেন্ট পদে দায়িত্ব পালনের উল্লেখ করে জনাব মহিউদ্দিন বলেন লিবারেল পার্টির সংবিধানে ৩য় বার প্রেসিডেন্ট হওয়ার সুযোগ নাই। তিনি সকল সংস্কারকে নির্বাচন কমিশন কর্তৃক সকল রাজনৈতিক দলের জন্য বাধ্যতামূলক করে দেয়ার জন্য আহ্বান জানান।

বিএনপি এবং আওয়ামী লীগ নেতাদ্বয় বিশ্ববিদ্যালয়ে সেনা মোতায়েনের তীব্র নিন্দা জানালে শেখ মহিউদ্দিন এর বিরোধীতা করে বলেন, পরিস্থিতি ও গোয়েন্দা রিপোর্ট বলবে জনগনের জানমালের হেফাজতে সরকারকে কি করতে হবে।এতে বিরোধিতা করা অবাস্তব।

দেশে দুর্নীতি রোধে যেকোন পদক্ষেপের সমর্থনে দুর্নীতিবাজ যত বড়ই হোক না কেন তার বিচারের পক্ষে মত প্রকাশ করে লিবারেল পার্টি নেতা বলেন আইন সবার জন্য সমান হওয়া উচিত।

বার্তা প্রেরক-

আবুল বাশার পাটোয়ারী  
দপ্তর সম্পাদক